You the below mentioned borrower has availed loan by mortgaging the schedule mentioned property and you the below mention has stood as borrower/co- borrower guarantor for the loan agreement. Consequent to the defaulters committed by you, your loan account has been classified as non- performing asset on **04/07/2020** under the provisions of the Securitisation & Reconstruction of Financial Assets and Enforcement of Security Interest Act, 2002 **(in short SARFAESI Act)**. We **Home First Finance Company India Limited** had issued Demand Notice u/s 13(2) read with section 13(13) of the SARFAESI Act to the address furnished by you. The notices sent to you by the Registered Post are received back & returned unserved. The contents of the said notices are that you had committed default in payment of the various loans guaranteed to you. Therefore, the present publication carried out to serve the notice as the provision of Section 13(2) of SARFAESI Act and in terms of provision to the rule 3(1) of the Security Interest (Enforcement) Rules, 2002:

Name and Address of the Account, Borrower(s) & Guarantor(s)	Details of the security to be enforced	Date of Demand Notice	Amount due as per Demand Notice
Sohan Jangid and Rekha Jangid	Flat-A-134, having a Builtup area of 271 Sq. Ft. i.e. 25.17 Sq. Mtr., Building A, Malwa County, Awaas EWS, Indore - 453771	04/07/2020	Rs. 5,09,407/- as on 04/07/2020 plus further interest and other expenses

You are hereby called upon to pay **Home First Finance Company India Limited** within the period of 60 days from the date of publication of this Notice the aforesaid amount with interest and cost failing which **Home First Finance Company India Limited** will take necessary action under the Provisions of the said Act against all or any one or more of the secured assets including taking possession of secured assets of the borrowers, mortgagors and the guarantors. The power available to the **Home First Finance Company India Limited** under the said act include (1) Power to take possession of the secured assets of the borrowers/guarantors including the rights to transfer by way of lease, assignment of sale for releasing secured assets (2) Take over management of the secured assets including rights to transfer by ways of lease, assignment or sale and realize the secured assets and any transfer as of secured assets by **Home First Finance Company India Limited** shall vest in all the rights and relation to the secured assets transferred as it the transfer has been made by you.
In terms of the Provisions of the Section 13(13) of the said act, you are hereby prohibited from transferring, either by way of sale, lease or otherwise (other than in the normal course of your business), any of the secured assets as referred to above and hypothecated/mortgaged to the Home First Finance Company India Limited without prior consent of the **Home First Finance Company India Limited.**

Place: Indore, Date: 24/07/2020 — Signed by Authorized Officer, **Home First Finance Company India Limited**

নরমে গরমে...











বৃহস্পতিবারের কড়া লকডাউন কার্যকর করতে কলকাতা ও হাওড়ার পথে পথে পুলিশের তৎপরতা। ১) শোভাবাজারে পুলিশ ধরছে লকডাউন না মানায়, ২ ও ৩) হুগলির পথে অবাধ্য নাগরিককে শাস্তি, কখনও কান ধরে ওঠ–বস করিয়ে কখনও সাইকেলের চাকার হাওয়া খুলে দিয়ে। ৪) শুনশান হাতিবাগান বাজার। ৫) যাদবপুরে নজরদারি বাড়াতে ড্রোন ওড়াচ্ছে পুলিশ। *ছবি: তপন মুখার্জি, কৌশিক কোলে ও পার্থ রাহা*

পুলিশ কড়া, মানুষ ঘরে



শুনশান সাউথ সিটি মল। বৃহস্পতিবার। ছবি: দীপক গুপ্ত

আজকালের প্রতিবেদন

লকডাউনে কড়া পুলিশ। তাতেই সাফল্য। বৃহস্পতিবার, এ সপ্তাহের প্রথম দিনের লকডাউন সফল। বস্তুত কলকাতা শুধু নয়, গোটা রাজ্যেই সার্বিক লকডাউন হয়েছে। যেভাবে প্রস্তুতি–পরিকল্পনা অনুযায়ী কাজ হয়েছে, দিনের শেষে সফল লকডাউন দেখে খুশি রাজ্যবাসী। গ্রেপ্তারও হয়েছে অনেক। যথাযোগ্য আইনি ব্যবস্থা নেওয়া হয়েছে লকডাউন ভঙ্গকারীদের বিরুদ্ধে।

লকডাউন ভাঙার জন্য গ্রেপ্তার করা হয়েছে ৮৮৬ জনকে। মাস্ক না পরার জন্য কলকাতা পুলিশ গ্রেপ্তার করেছে ৫৫২ জনকে। যত্রতত্র থুতু ফেলার জন্য গ্রেপ্তার করা হয়েছে ৪০ জনকে। কলকাতায় ড্রোন উড়িয়ে জটলা বা গাড়ি নিয়ে ঘোরাঘুরি করতে দেখলেই দ্রুত পুলিশ গিয়ে ব্যবস্থা নিয়েছে। পরিস্থিতি যা, আগামিকাল শনিবার একইভাবে লকডাউন যে সফল হবে তা নিয়ে এখনই নিশ্চিত হওয়া যায়। দক্ষিণবঙ্গের পাশাপাশি উত্তরবঙ্গেও লকডাউন সফল হয়েছে।

সংক্রমণ বাড়ছিল, সচেতনতার অভাব দেখা দিয়েছিল। মাস্ক নেই মুখে। বাজার, রাস্তাঘাটে দূরত্ববিধি মানা হচ্ছিল না। বৃহস্পতিবার ছবিটা সকাল থেকেই পাল্টে গেছে। জেলা থেকে কলকাতা পুলিশ একেবারে কোমর বেঁধে নেমে দেখিয়ে দিয়েছে লকডাউন কিভাবে সফল করা যায়। কলকাতায় ঢোকার সমস্ত রাস্তায় কড়া নজরদারি ছিল। খুব প্রয়োজন ছাড়া রাস্তায় বেরোলেই জিজ্ঞাসাবাদ, ধরপাকড় হয়েছে। সকাল ৬টা থেকে রাত পর্যন্ত কোনও শৈথিল্য ছিল না। রাজাবাজার, খিদিরপুর, শ্যামবাজার, টালিগঞ্জ, সেন্ট্রাল অ্যাভিনিউ, বেহালা, রাসবিহারী থেকে শুরু করে হাওড়া, হুগলি, দুই ২৪ পরগনা, সল্টলেক সর্বত্রই এক ছবি। শহরের প্রতিটি প্রান্তেই পুলিশ মোতায়েন ছিল। কোনও ধরনের বেচাল দেখলেই তৎক্ষণাৎ ব্যবস্থা নিয়েছে পুলিশ। কলকাতার বহু জায়গায় পুলিশকে দেখা যায় লাঠি উঁচিয়ে লকডাউন ভঙ্গকারীদের শায়েস্তা করতে। বেশ কয়েক জায়গায় কান ধরে ওঠবোস করানো হয়েছে। অকারণে গাড়ি, বাইক নিয়ে ঘোরাঘুরির জন্য ২০৫টি নির্দিষ্ট ধারায় মামলা হয়েছে। ১৭টি গাড়ি বাজেয়াপ্ত করা হয়েছে। এফআইআর হয়েছে ৪৩টি। বৃহস্পতিবার বৃষ্টিও হয়েছে। তাই অনেকেই বাড়ির বাইরে বার হননি। বিধাননগর কমিশনারেট এলাকায় লকডাউন ভাঙার জন্য ২০ জনকে গ্রেপ্তার করা হয়েছে। ৮টি গাড়ি ও বাইক বাজেয়াপ্ত করা হয়েছে। ২২০টি চারচাকার গাড়ি ও ১৬৯টি বাইক আরোহীদের জিজ্ঞাসাবাদ করা হয়েছে। গাড়ি আটকে তল্লাশি করা হয়, জিজ্ঞাসাবাদ করা হয়। তথ্যপ্রযুক্তি শিল্পতালুক নবদিগন্ত শিল্পনগরী প্রায় বন্ধের চেহারা নিয়েছিল এদিন।

উত্তরবঙ্গের জিটিএ এলাকায় আগামী রবিবার থেকে সাত দিন লকডাউন থাকবে। শিলিগুড়িতে ২৯ জুলাই পর্যন্ত। পাহাড়ে জিটিএ এলাকায় সমস্ত পুরসভা এলাকা–সহ কিছু বাজার আগামী রবিবার থেকে ৭ দিন লকডাউন ঘোষণা করা হয়েছে। জিটিএ প্রশাসক বোর্ডের চেয়ারম্যান অনিত থাপা বলেন, ‘পাহাড়ের করোনা পরিস্থিতি নিয়ে দার্জিলিঙের জেলাশাসক এবং জিটিএ–এর মুখ্যসচিবের সঙ্গে একটি বৈঠক হয়েছে। কালিম্পঙের জেলাশাসকের সঙ্গেও ফোনে কথা হয়েছে। দার্জিলিং, কালিম্পং, কার্শিয়াং, মিরিক–সহ সুকনা, তিনধারিয়া, সুকিয়াপোখরি, পোখ্রেবুং এবং বিজনবাড়ি বাজার বন্ধের নির্দেশ দেওয়া হয়েছে।’ এদিনের লকডাউনে উত্তর দিনাজপুর, আলিপুরদুয়ার, কোচবিহার সর্বত্রই কঠোর হাতে পরিস্থিতি মোকাবিলা করেছে পুলিশ।

হাওড়ায় সকাল থেকেই ছিল নজরদারি। হাওড়া শহরের বিভিন্ন জায়গায় ড্রোন উড়িয়ে দেখা হয়েছে পরিস্থিতি। কমিশনারেট এলাকায় সর্বত্র চলেছে পুলিশি টহলদারি। মাস্ক না পরলেই বাড়ি পাঠানো হয়েছে। ব্যবস্থা নেওয়া হয়েছে। হুগলিতে একই চিত্র। ফেরিঘাট ফাঁকা। চলেনি লঞ্চ। দোকান–বাজার বন্ধ। রাস্তাঘাট শুনশান ছিল। কেউ কেউ দোকান খুলেছিলেন, পুলিশ সঙ্গে সঙ্গে বন্ধ করে দিয়েছে। কান ধরে ওঠবোস করানো হয়েছে। জেলার সর্বত্রই কড়া টহলদারি ছিল। পোলবা, দাদপুর, ধনেখালি, তারকেশ্বর, পাণ্ডুয়া, চণ্ডীতলা, সিঙ্গুর, উত্তরপাড়া, ডানকুনি, চুঁচুড়া সর্বত্রই বন্‌ধের চেহারা ছিল। ব্যারাকপুর পুলিশ কমিশনারেটের পুলিশ দমদম থেকে কাঁচরাপাড়া পর্যন্ত ব্যাপক তৎপর ছিল। যাঁরা বাইরে বেরিয়েছিলেন পুলিশকে কারণ দর্শাতে হয়েছে। বরানগর, ব্যারাকপুর, নৈহাটি পুর এলাকায় লকডাউন চলছে।


এদিকে, বারুইপুর, সোনারপুর, গড়িয়া, জয়নগর থেকে শুরু করে সমস্ত জায়গা ছিল জনমানবশূন্য। দু–এক জায়গা রেশন দোকান খোলা থাকায় ডিলারকে সতর্ক করা হয়। বহু জায়গায় মাস্ক না পরায় গ্রেপ্তার করা হয়েছে। বারুইপুর পুলিশ জেলা এলাকায় ৯৪ জনকে গ্রেপ্তার করা হয়েছে। বোলপুর, শান্তিনিকেতনে সকাল থেকেই তৎপর ছিল পুলিশ। সকাল ৯টার মধ্যেই পুলিশ আটক করে ২০ জনকে। শান্তিনিকেতন থানা আটক করে ১৫ জনকে। জেলা পুলিশ সুপার শ্যাম সিং দিনের শেষে জানান জেলায় মোট ২০০ জনকে আটক করা হয়েছে। লকডাউনে জনশূন্য ছিল পুরুলিয়া। জেলা পুলিশ সুপার সেলভা মুরুগান জেলা সদরের বেশ কয়েকটি জায়গায় টহল দেন। বেশ কয়েকজনকে আটক করা হয়েছে। শুনশান চেহারা ছিল আরামবাগে। যানবাহন চলাচল একেবারেই ছিল না। ওষুধের দোকান ছাড়া সবই বন্ধ ছিল। পশ্চিম মেদিনীপুরের প্রতিটি ব্লকেই লকডাউনে দারুণ সাড়া। মেদিনীপুর, ঘাটাল, দাসপুর, বেলদা, ডেবরা সর্বত্র শুনশান চেহারা। বেশ কয়েকজনকে গ্রেপ্তার করা হয়। কালনা, কাটোয়া দুই মহকুমাতেই লকডাউন সফল হয়েছে। বাঁকুড়ার রাস্তাগুলি ছিল ফাঁকা। যে ক’জন জরুরি কাজে বেরিয়েছিলেন তাঁদের প্রত্যেকের মুখেই মাস্ক ছিল।



জনশূন্য নিউ মার্কেট। বৃহস্পতিবার। ছবি: দীপক গুপ্ত

আরও খবর

প্রয়াত সাংবাদিক তপনায়ন ঘোষ



প্রয়াত সাংবাদিক তপনায়ন ঘোষ (৬৬)। তাঁর পাকস্থলীতে ক্যান্সার ধরা পড়েছিল। বুধবার এসএসকেএম–এ কেমোথেরাপির পর শেওড়াফুলির বাড়িতে ফেরেন। বৃহস্পতিবার বিকেলে বাড়িতেই হৃদরোগে আক্রান্ত হন। রাতেই তাঁর শেষকৃত্য সম্পন্ন হয়। তাঁর স্ত্রী, এক ছেলে রয়েছেন। তিনি দুবার কলকাতা প্রেস ক্লাবের সম্পাদক হন। সত্যযুগ–এ কর্মজীবন শুরু। এরপর বর্তমান পত্রিকায়। অবসরের পর ছিলেন সান্ধ্য সত্যযুগে। সুযোগ পেলেই চলে যেতেন পর্বতাভিযানে। তাঁর মৃত্যুতে শোকপ্রকাশ করেছে প্রেস ক্লাব, কলকাতা।

বৃক্ষরোপণ

অরণ্য সপ্তাহ উপলক্ষে কলকাতার সমাজকল্যাণমূলক সংগঠন আলো ট্রাস্টের উদ্যোগে জেলায় জেলায় পালিত হল বৃক্ষরোপণ উৎসব। সৃজন নয়, চাই সংরক্ষণও, এই স্লোগান নিয়ে নানা গাছ রোপণ করা হয়।

পড়ুয়াদের পাশে কলেজ

কেউ নিচ্ছেন দুপুরের খাবারের দায়িত্ব, কেউ কমাচ্ছেন ফর্মের দাম

নীলাঞ্জনা সান্যাল

করোনার ধাক্কায় বাবা–মা কাজ হারিয়েছেন এমন দুঃস্থ কিন্তু মেধাবী পড়ুয়াদের দুপুরে রান্না করা খাবার দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে মহেশতলা কলেজ। কিছু কলেজ আবার করোনা পরিস্থিতিতে ভর্তির ক্ষেত্রে পড়ুয়াদের কিছু আর্থিক ছাড় দেওয়া এবং এখনই হস্টেল ফি নেওয়া হবে না বলে ঠিক করেছে। অতিমারীর ধাক্কায় বিপর্যস্ত অর্থনীতি। অনেকেই কাজ হারিয়েছেন। ঘূর্ণিঝড় আমফানের তাণ্ডবেও ঘরছাড়া হয়েছেন অনেকে। এই অবস্থায় এভাবেই ছাত্রছাত্রী ও অভিভাবকদের দিকে সাহায্যের হাত বাড়িয়ে দিচ্ছে একাধিক কলেজ।

আগামী ১০ আগস্ট থেকে রাজ্যের কলেজগুলিতে অনলাইনে ভর্তি প্রক্রিয়া শুরু হচ্ছে। তবে ভর্তি প্রক্রিয়া শুরু হলেও কবে থেকে ক্লাস অর্থাৎ নতুন শিক্ষাবর্ষ শুরু হবে তা এখনও অনিশ্চিত। ভর্তির পর হয়তো বেশ কিছুদিন অনলাইনেই চলবে ক্লাস। এই পরিস্থিতিতে ছাত্রছাত্রীদের কাছ থেকে ভর্তির সময় ফি বাবদ কিছু টাকা কম নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে কলেজগুলি। এ ব্যাপারে অবশ্য একটু অন্যরকম ভেবেছে মহেশতলা কলেজ। তারা কলেজ খুললে ৩০ থেকে ৪০ জন পড়ুয়ার দুপুরের খাওয়ার দায়িত্ব নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। কলেজের অধ্যক্ষ রুম্পা দাস বলেন, ‘কবে কলেজ খুলবে সেটা আমরা কেউই জানি না। কিন্তু করোনা পরিস্থিতিতে অনেকেই কাজ হারিয়েছেন। এই রকম পড়ুয়া, যারা খুবই দুঃস্থ কিন্তু সব প্রতিকূলতাকে জয় করে পড়াশোনা চালাতে চায় তাদের অন্তত সপ্তাহে চার–পাঁচদিন দুপুরের খাবারটা দেওয়ার সিদ্ধান্ত হয়েছে।’ লেডি ব্রেবোর্ন কলেজের অধ্যক্ষ শিউলি সরকার বলেন, ‘ভর্তির জন্য আবেদন পত্রের দাম ১৫০ থেকে কমিয়ে ১২৫ টাকা করা হয়েছে। হস্টেলে যারা থাকবে তাদের কাছ থেকেও এখনই ফি নেওয়া হবে না। যেদিন থেকে কলেজ করার জন্য ছাত্রীরা হস্টেলে থাকবে সেইদিন থেকে ফি নেওয়া হবে।’ জয়পুরিয়া কলেজের অধ্যক্ষ অশোক মুখার্জি বলেন, ‘ফর্মের দাম ২০০ থেকে কমিয়ে ১৫০ করার কথা ভাবা হয়েছে।’ এছাড়াও পড়ুয়াদের সেশন চার্জ কমানো, টিউশন ফি এবং ‘কশান ফি’ এখনই না নেওয়ার দাবি জানিয়েছেন শিক্ষকরা। বিবেকানন্দ উওমেন্স কলেজের অধ্যক্ষ সোমা ভট্টাচার্য জানিয়েছেন, তাঁরা এবছর বিদ্যুৎ চার্জ, ল্যাব ফি, ইউটিলিটিজ ফি ভর্তির সময় নেবেন না। কারণ এখন ক্লাস হচ্ছে না। যখন কলেজ শুরু হবে তখন নেওয়া হবে। অতিথি শিক্ষকদের বেতন দেওয়ার খাতে যে ফি নেওয়া হত তাও অর্ধেক করে দেওয়া হয়েছে। বিবেকানন্দ কলেজের অধ্যক্ষ তপন পোদ্দার বলেন, ‘ফর্মের দাম ২০০ থেকে কমিয়ে ১০০ টাকা করা হয়েছে।’ যে এলাকা থেকে এই কলেজে ভর্তি হতে পড়ুয়ারা আসে, দক্ষিণ ২৪ পরগনার সেই সব এলাকা আমফানে ক্ষতিগ্রস্ত হয়েছে। সেটা মাথায় রেখেই এই সিদ্ধান্ত। স্নাতক ও স্নাতকোত্তরে ভর্তির ক্ষেত্রে বাগবাজার উওমেন্স কলেজও ৩৫ থেকে ৪০ এবং ২৫ শতাংশ ছাড় দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। এছাড়া অনেক কলেজই যেহেতু ক্লাস হচ্ছে না তাই ল্যাব ফি, সাইকেল স্ট্যান্ড ফি, বিদ্যুৎ ফি–সহ যেগুলো এখন লাগছে না তা ভর্তির সময় না নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। অনেকে আবার সেমেস্টার ফি কমাচ্ছে, একেবারে না নিয়ে দু’দফায় নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

Government of West Bengal
Department of Health and Family Welfare
NOTICE for Contractual Engagement of Infectious Disease Expert

GoWB intends to appoint experts in infectious diseases to assist its efforts for ensuring proper treatment of COVID 19 patients. The applicant must have a MD/DM degree in infectious disease with relevant experience in field.

Period of engagement: Contractual engagement for two years, renewable after one year

Renumeration: Negotiable

Please send your application addressed to Secretary(Health), Government of West Bengal along with relevant details at idexpertwb@gmail.com
Postal Address:

Health Secretary, Sawasthya Bhawan, GN-29, Sector-V, Salt Lake Kolkata 700 091

If you are interested then apply with in seven days of publication of this notice.

Secretary, Health

ICA-894(4)/2020

SREI
শ্রেয়ী ইনফ্রাস্ট্রাকচার ফাইনান্স লিমিটেড
CIN : L29219WB1985PLC055352
রেজিস্টার্ড অফিস : ‘বিশ্বকর্মা’
৮৬সি, তপসিয়া রোড (দক্ষিণ), কলকাতা-৭০০ ০৪৬
ফোন : +৯১ ৩৩ ৬১৬০ ৭৭৩৪
ফ্যাক্স : +৯১ ৩৩ ২২৮৫ ৭৫৪২/৮৫০১
ওয়েবসাইট : www.srei.com
ই-মেল : investor.relations@srei.com

বিজ্ঞপ্তি

সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অবলিগেশনস্ অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্ট্স) রেগুলেশনস্, ২০১৫-এর রেগুলেশন ৪৭ অনুসারে, এতদ্বারা বিজ্ঞপ্তি প্রকাশ করা হচ্ছে যে অন্যান্য বিষয় সহ ৩১ মার্চ, ২০২০ তারিখে সমাপ্ত বছরের নিরীক্ষিত একক এবং সমন্বিত আর্থিক ফলাফল বিবেচনা, অনুমোদন এবং নথিভুক্তিকরণের উদ্দেশ্যে মঙ্গলবার, ২৮ জুলাই, ২০২০ তারিখে কলকাতার কোম্পানির পরিচালক মণ্ডলীর একটি সভা অনুষ্ঠিত হবে। এই বিজ্ঞপ্তিটি কোম্পানির ওয়েবসাইট www.srei.com এবং স্টক এক্সচেঞ্জ সমূহের ওয়েবসাইট www.nseindia.com ও www.bseindia.com-এ উপলব্ধ।

শ্রেয়ী ইনফ্রাস্ট্রাকচার ফাইনান্স লিমিটেড-এর পক্ষে
স্বা/-
সন্দীপ লাখোটিয়া
কোম্পানি সেক্রেটারি
FCS 7671

স্থান : কলকাতা
তারিখ : ২২ জুলাই, ২০২০

ইলেকট্রনিক উপায়ে যোগাযোগ স্থাপনের মাধ্যমে খবরাখবর পেতে আপনার ই-মেল ঠিকানা নথিভুক্ত করুন।

ISWP
দি ইন্ডিয়ান স্টিল অ্যান্ড ওয়্যার প্রোডাক্টস লিমিটেড
(টাটা স্টিল লিমিটেড–এর একটি সম্পৃক্ত)
কর্পোরেট আইডেন্টিটি নম্বর: U27106WB1935PLC008447
রেজিস্টার্ড অফিস: ফ্ল্যাট নং ৭ডি এবং ই, অষ্টম তল, এভারেস্ট হাউস, ৪৬সি, চৌরঙ্গি রোড, কলকাতা–৭০০ ০৭১
ফোন: ০৬৫৭–৬৬৯০৫২৩ / ৬৬৯০৬৪৯
ওয়েবসাইট: www.iswp.co.in ; **ই–মেল আইডি:** info@iswp.co.in

৮৩তম বার্ষিক সাধারণ সভার প্রকাশ্য বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা এই নোটিস জারি করা হচ্ছে যে, কোভিড–১৯ অতিমারির কারণে উদ্ভূত পরিস্থিতিতে মিনিস্ট্রি অফ কর্পোরেট অ্যাফেয়ার্স দ্বারা জারিকৃত ৮ এপ্রিল ২০২০ তারিখের জেনারেল সার্কুলার নং ১৪/২০২০, ১৩ এপ্রিল ২০২০ তারিখের জেনারেল সার্কুলার নং ১৭/২০২০ এবং ৫ মে ২০২০ তারিখের জেনারেল সার্কুলার নং ২০/২০২০ (**‘এমসিএ সার্কুলারসমূহ’**) সহ পঠনীয় কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ ও এর অধীনে রচিত রুলসমূহ–এর সংস্থানাধীনে দি ইন্ডিয়ান স্টিল অ্যান্ড ওয়্যার প্রোডাক্টস লিমিটেড (**‘এই কোম্পানি’**) তার ৮৩তম বার্ষিক সাধারণ সভা (**‘এজিএম’/ ‘মিটিং’**) ভিডিও কনফারেন্স (**‘ভিসি’**)/ অন্য অডিও ভিস্যুয়াল পদ্ধতি (**‘ওএভিএম’**)–এর মাধ্যমে আয়োজনে আগ্রহী।

সদস্যরা **কেবলমাত্র** ভিসি/ওএভিএম সুবিধা ব্যবহার করে এই এজিএমে উপস্থিত থাকতে এবং অংশ নিতে পারবেন, যার বিশদ তথ্য এই কোম্পানি তার সভার নোটিসে জানিয়ে দেবে। সেইমতো, অনুগ্রহপূর্বক খেয়াল করবেন, কোভিড–১৯ সংক্রমণ ঠেকাতে সরকারি কর্তৃপক্ষ দ্বারা জারিকৃত নির্দেশাবলি মান্য করার জন্য কোম্পানির ৮৩তম এজিএমে দৈহিক উপস্থিতি এবং সভাস্থলে হাজির হয়ে অংশ নেওয়ার কোনও সংস্থান রাখা হচ্ছে না। কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩–এর ১০৩ নং ধারাধীনে কোরাম বিবেচনার সময় ভিসি/ওএভিএম–এর মাধ্যমে সভায় অংশ নেওয়া সদস্যদেরই গণনা করা হবে।

যে সকল সদস্যের ই–মেল ঠিকানা এই কোম্পানি বা এই কোম্পানির রেজিস্ট্রার ও শেয়ার ট্রান্সফার এজেন্ট (**‘রেজিস্ট্রার’**) বা তাদের সংশ্লিষ্ট ডিপোজিটরি পার্টিসিপ্যান্টগণের (**‘ডিপি’**) কাছে নিবন্ধীকৃত রয়েছে, কেবলমাত্র ইলেকট্রনিক উপায়ে তাঁদের প্রতি ২০১৯–২০ অর্থবর্ষে এই কোম্পানির বার্ষিক আর্থিক খতিয়ান সমেত এজিএম–এর নোটিস পাঠানো হবে। **এমসিএ–এর সার্কুলার অনুযায়ী কোনও শেয়ারধারকের কাছে ৮৩তম এজিএম–এর নোটিস এবং বার্ষিক রিপোর্টের ব্যবহারিক কপি পাঠানো হবে না।** রেজিস্ট্রারের কাছে সদস্যদের ই–মেল আইডি রেজিস্ট্রেশনের জন্য এই কোম্পানি বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছে।

যে সকল সদস্য এখনও নিজেদের ই–মেল আইডি রেজিস্টার করাননি, নিম্নলিখিত প্রক্রিয়া অনুসরণ করে ই–মেল আইডি রেজিস্টার করার অনুরোধ জানানো হচ্ছে যাতে তাঁরা এই এজিএম–এর নোটিস এবং বার্ষিক রিপোর্ট ইলেকট্রনিক উপায়ে পেতে পারেন:

ক) **https://green.tsrdarashaw.com/green/events/login/i5** লিঙ্কে যান।
খ) ডিপি আইডি ও ক্লায়েন্ট আইডি/ ফিজিক্যাল ফোলিও নম্বর এবং প্যানের বিবরণ উল্লেখ করুন। ফিজিক্যাল ফোলিওর জন্য প্যানের বিশদ তথ্য রেকর্ডে উপলব্ধ না–থাকলে সংশ্লিষ্ট সদস্য তাঁর যে কোনও একটি শেয়ার সার্টিফিকেট নম্বর উল্লেখ করতে পারেন।
গ) সত্যতা যাচাইয়ের জন্য নিজের প্যান কার্ডের একটি স্ব–প্রত্যয়িত কপি আপলোড করুন। সিস্টেমে প্যানের বিশদ তথ্য উপলব্ধ না–থাকলে, প্যান কার্ড আপডেট করার জন্য সংশ্লিষ্ট সদস্যকে সিস্টেম প্যানের স্ব–প্রত্যয়িত কপি আপলোডের সুযোগ দেবে।
ঘ) নিজের ই–মেল আইডি এবং মোবাইল নম্বর উল্লেখ করুন।
ঙ) এজিএম নোটিস এবং বার্ষিক রিপোর্ট পাঠানোর জন্য এর পর সিস্টেম সংশ্লিষ্ট সদস্যের ই–মেল আইডি নিশ্চিত/যাচাই করে নেবে।

ইলেকট্রনিক উপায়ে বার্ষিক রিপোর্ট সংগ্রহ এবং এজিএমে অংশ নিতে নিজেদের ই–মেল আইডি রেজিস্টার্ড করানোর জন্য সদস্যরা নিম্নস্বাক্ষরকারীর সঙ্গে এখানেও যোগাযোগ করতে পারেন: **ই–মেল আইডি: rabinarayan@iswp.co.in অথবা মোবাইল নম্বর: +৯১–৯২০৪৭ ৮৬৬৯২।**

দি ইন্ডিয়ান স্টিল অ্যান্ড ওয়্যার প্রোডাক্টস লিমিটেড–এর পক্ষে
স্বাঃ–
রবি নারায়ণ কর
কোম্পানি সেক্রেটারি

স্থান: কলকাতা
তারিখ: ২২ জুলাই, ২০২০

WBSETCL
ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড
(পশ্চিমবঙ্গ সরকারের একটি উদ্যোগ)
রেজিস্টার্ড অফিস: বিদ্যুৎ ভবন, ডিজে ব্লক, সেক্টর-II, বিধাননগর, কলকাতা-৭০০০৯১
সিআইএন: U40101WB2007SGC113474 • ওয়েব: www.wbsetcl.in

বিদ্যুৎ পরিষেবা ব্যাহত হওয়ার বিজ্ঞপ্তি

আগামীকাল ২৫ জুলাই ২০২০, ভোর ৫টা থেকে সকাল ৭টা পর্যন্ত, হিজলি ১৩২ কেভি সাব-স্টেশনে রক্ষণাবেক্ষণের কাজ করবেন ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড-এর ইঞ্জিনিয়াররা। এই জন্য, ওই নির্দিষ্ট সময়ে খড়্গপুর লোকাল থানা এবং খড়্গপুর টাউন থানার অধীনস্থ অঞ্চলগুলিতে বিদ্যুৎ পরিষেবা পর্যায়ক্রমে ব্যাহত হওয়ার সম্ভাবনা আছে। বৃহত্তর জনস্বার্থে ওই অঞ্চলের বিদ্যুৎ গ্রাহক ও সমস্ত মানুষের সহযোগীতা আমাদের একান্ত কাম্য। বিদ্যুৎ গ্রাহকদের সাময়িক এই অসুবিধার জন্য উপরিউক্ত কর্তৃপক্ষ আন্তরিকভাবে দুঃখিত।

ICA-890(2)/2020

PUBLIC NOTICE

Following person/persons claim mutation of name in respect of the holding as mentioned below within the Barrackpore Cantonment.

Sl. No.	Name of Applicants claming mutation	Holding No.
1.	Shri Chandra Sekhar Das, Shri Gopal Das, & Shri Sheo Ram Das	5, Rajendra Prasad (Lootary), Gandhi (Orderly) Bazar, Barrackpore, North 24 Pgs., Kolkata-700120.

Objection, if any, may be filed with documentary evidence within 30 days of publication of this Notice, failing which the mutation may be accorded under section 81 of the Cantonments Act, 2006.

NO.F/IL/5/127
OFFICE OF THE CANTONMENT BOARD
BARRACKPORE 15 JULY 2020

Sd/- (Anant Aakash, I.D.E.S.)
Chief Executive Officer
Cantonment Board, Barrackpore

PUBLIC NOTICE

Following person/persons claim mutation of name in respect of the holding as mentioned below within the Barrackpore Cantonment.

Sl. No.	Name of Applicants claming mutation	Holding No.
1.	Shri Bablu Das, & Shri Munna Das	121, Rabindranath (Bakar), Mahal, Sadar Bazar, Barrackpore, North 24 Pgs, Kolkata-700120.

Objection, if any, may be filed with documentary evidence within 30 days of publication of this Notice, failing which the mutation may be accorded under section 81 of the Cantonments Act, 2006.

NO.F/IBR/121/124
OFFICE OF THE CANTONMENT BOARD
BARRACKPORE 15 JULY 2020

Sd/- (Anant Aakash, I.D.E.S.)
Chief Executive Officer
Cantonment Board, Barrackpore

ডেট রিকভারি ট্রাইবুনাল, শিলিগুড়ি

ঠিকানা–তৃতীয় তল, পিসিএম টাওয়ার বিল্ডিং, সেকেন্ড মাইল, সেবক রোড, শিলিগুড়ি–৭৩৪ ০০১, পশ্চিমবঙ্গ
রিকভারি ট্রাইবুনাল (প্রসিডিওর) রুলস, ১৯৯৩ এর রুল ৫ এর সাবরুল (২ এ) এর সঙ্গে পঠনীয় রিকভারি অফ ডেটস ডিউ টু ব্যাঙ্কস অ্যান্ড ফিনান্সিয়াল ইনস্টিটিউশনস অ্যাক্ট, ১৯৯৩–এর ১৯(৪) ধারাধীনে সমন

ও এ নং: ১২/২০১৯
ইন্ডিয়ান ব্যাঙ্ক
(পূর্বতন এলাহাবাদ ব্যাঙ্ক)
.... আবেদনকারী
– বনাম –
মেঃ শঙ্করী ইলেকট্রনিক্স ও অন্যান্যরা
...বিবাদীগণ

প্রতি
১) মেঃ শঙ্করী ইলেকট্রনিক্স, একটি মালিকানাধীন ব্যবসায়িক সংস্থা ১/৩৪, এন এস রোড, মিউনিসিপ্যাল শপিং কমপ্লেক্স, (শপ নং ৯), পোঃ ও জেলা– মালদা।
২) শ্রী অরুণাভ সিংহ (মালিক/দেনদার), মেঃ শঙ্করী ইলেকট্রনিক্স,, পিতা সাধন কুমার সিংহ, কুতুবপুর, বাবুপাড়া, সন্তোষী মন্দির সংলগ্ন, পোঃ ও জেলা– মালদা, পিন–৭৩২১০১।
৩) শ্রীমতী ধীরা সিংহ (জামিনদার), স্বামী শ্রী অরুণাভ সিংহ, কুতুবপুর, বাবুপাড়া, সন্তোষী মন্দির সংলগ্ন, পোঃ ও জেলা– মালদা, পিন–৭৩২১০১।

যেহেতু মহামান্য প্রিসাইডিং অফিসার সমীপে ১১.০৩.২০১৯ তে ও এ নং ১২/২০১৯ তালিকাভুক্ত হয়েছে ও পরে সংশোধনী পিটিশন ১০.০৭.২০২০ র জন্য তা মান্য ট্রাইবুনালে শুনানি হয়েছে।
যেহেতু এই মহামান্য ট্রাইবুনাল আনন্দের সঙ্গে ₹১৮,৯৪,০৩৫.৬২ বকেয়া অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য আপনার বিরুদ্ধে উক্ত অ্যাক্টের ১৯(৪) ধারাধীনে দায়ের করা আবেদন (ও এ)–এর পরিপ্রেক্ষিতে সমন/ নোটিস জারি করছে (নথিপত্রের কপি সহ আবেদনটি এই নোটিস সংলগ্ন)।
উক্ত অ্যাক্টের ১৯ নং ধারার (৪) নং উপধারা অনুযায়ী বিবাদী পক্ষগণের প্রতি নিম্নলিখিত নির্দেশ জারি করা হচ্ছে:
১) এই সমনের পরিষেবা জারির তিরিশ দিনের মধ্যে নিষ্পত্তির আর্জি কেন মঞ্জুর করা হবে না, তার কারণ দর্শাতে হবে;
২) প্রকৃত আবেদনের ক্রম নং ৩এ–এর অধীনে আবেদনকারী দ্বারা নির্ধারিত সম্পত্তিসমূহ ও পরিসম্পদসমূহ বাদে অন্য সমস্ত সম্পত্তিসমূহ ও পরিসম্পদসমূহের বিবরণ ঘোষণা করতে হবে;
৩) শুনানি হতে চলা এবং সম্পত্তিসমূহ ক্রোকের আবেদন নিষ্পত্তির জন্য প্রকৃত আবেদনের ক্রম নং ৩এ–এর অধীনে ঘোষিত জামিনযুক্ত পরিসম্পদসমূহ বা এই ধরনের পরিসম্পদসমূহ ও সম্পত্তিসমূহ নিয়ে কোনও প্রকার লেনদেন বা এগুলি বিক্রি করে দেওয়া থেকে আপনাকে বিরত থাকতে বলা হচ্ছে;
৪) এই ট্রাইবুনালের আগাম অনুমোদন ছাড়া প্রকৃত আবেদনের ক্রম নং ৩এ–এর অধীন ঘোষণা অনুযায়ী যে পরিসম্পদগুলির ওপর জামিনস্বার্থ তৈরি করা হয়েছিল এবং/বা নির্ধারিত/ঘোষিত জামিনযুক্ত পরিসম্পদসমূহ বা সম্পত্তিসমূহ আপনি বিক্রি, লিজ বা অন্য কোনও উপায়ে (স্বাভাবিক ব্যবসায়িক পদ্ধতি বাদে) হস্তান্তর করতে পারবেন না;
৫) স্বাভাবিক ব্যবসায়িক পদ্ধতিতে এই জামিনযুক্ত পরিসম্পদসমূহ বা অন্যান্য পরিসম্পদসমূহ ও সম্পত্তিসমূহ বিক্রি করে প্রাপ্ত বিক্রয়মূল্যের হিসাব দিতে এবং এই সকল পরিসম্পদগুলির ওপর জামিনস্বার্থ ধারক এই ব্যাঙ্ক বা আর্থিক প্রতিষ্ঠানগুলিতে রক্ষণাবেক্ষণকৃত নির্ধারিত অ্যাকাউন্টে এই বিক্রয়মূল্য জমা দিতে আপনি দায়বদ্ধ থাকবেন।
এর পাশাপাশি আপনাকে আরও নির্দেশ দেওয়া হচ্ছে যাতে আপনি আপনার লিখিত বিবৃতি সমেত (যার একটি কপি আবেদনকারীর কাছেও জমা দিতে হবে) রেজিস্ট্রারের সামনে ২২.০৯.২০২০ তারিখ বেলা ১০.৩০টার সময় হাজির থাকবেন যার অন্যথা হলে আপনার অনুপস্থিতিতেই এই আবেদনের শুনানি এবং রায়দান করা হবে।
আজ ১৩ জুলাই, ২০২০ তারিখে নীচে ট্রাইবুনালের সিলমোহর দিয়ে আমি স্বাক্ষর করলাম।

স্বাঃ– রেজিস্ট্রার
ডেটস রিকভারি ট্রাইবুনাল।

ন্যাশনাল কোম্পানি ল ট্রাইবুনাল কলকাতা বেঞ্চ সমীপে

সিপি (সিএএ) নং ৭০৫/কেবি/২০২০
সম্পর্কিত
সিএ(সিএএ) নং ১৩৭৮/কেবি/২০১৯

সম্পর্কিত: দি কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩;
এবং
সম্পর্কিত: কোম্পানিজ অ্যাক্ট ২০১৩ ধারা ২৩০ থেকে ২৩২ অনুযায়ী আবেদন
সম্পর্কিত: দি কোম্পানিজ (কম্প্রোমাইজেস, অ্যারেঞ্জমেন্টস অ্যান্ড অ্যামালগামেশন) রুলস ২০১৬
এবং
সম্পর্কিত: মেরিনো এক্সপোর্টস প্রাইভেট লিমিটেড (CIN: U70101WB1988PTC044285), কোম্পানিজ অ্যাক্ট ১৯৫৬ অনুযায়ী প্রতিষ্ঠিত, যার রেজিস্টার্ড অফিস: ৫, আলেক্সজান্ড্রা কোর্ট, ৬০/১ চৌরঙ্গি রোড, কলকাতা– ৭০০ ০২০
এবং
সম্পর্কিত: মেরিনো প্রপার্টিজ প্রাইভেট লিমিটেড (CIN: U45400WB2019PTC229906), কোম্পানি আইন ২০১৩ অনুযায়ী প্রতিষ্ঠিত, যার রেজিস্টার্ড অফিস: ৫, আলেক্সজান্ড্রা কোর্ট, ৬০/১ চৌরঙ্গি রোড, কলকাতা– ৭০০ ০২০
এবং
সম্পর্কিত: মেরিনো সার্ভিসেস লিমিটেড (CIN: U51109WB1993PLC058257), কোম্পানি আইন ১৯৫৬ অনুযায়ী প্রতিষ্ঠিত, যার রেজিস্টার্ড অফিস: ৫, আলেক্সজান্ড্রা কোর্ট, ৬০/১ চৌরঙ্গি রোড, কলকাতা– ৭০০ ০২০
এবং
মেরিনো কনসালল্টিং সার্ভিসেস লিমিটেড (CIN: U74999WB2019PLC230560), কোম্পানি আইন ২০১৩ অনুযায়ী প্রতিষ্ঠিত, যার রেজিস্টার্ড অফিস: ৫, আলেক্সজান্ড্রা কোর্ট, ৬০/১ চৌরঙ্গি রোড, কলকাতা– ৭০০ ০২০
এবং
মেরিনো প্যানেল প্রোডাক্টস লিমিটেড (CIN: U20299WB1994PLC064386), কোম্পানি আইন ১৯৫৬ অনুযায়ী প্রতিষ্ঠিত, যার রেজিস্টার্ড অফিস: ৫, আলেক্সজান্ড্রা কোর্ট, ৬০/১ চৌরঙ্গি রোড, কলকাতা– ৭০০ ০২০
এবং
মেরিনো ইন্ডাস্ট্রিজ লিমিটেড (CIN: U451909WB1965PLC026556), কোম্পানি আইন ১৯৫৬ অনুযায়ী প্রতিষ্ঠিত, যার রেজিস্টার্ড অফিস: ৫, আলেক্সজান্ড্রা কোর্ট, ৬০/১ চৌরঙ্গি রোড, কলকাতা– ৭০০ ০২০

— আবেদনকারীগণ

আবেদনের বিজ্ঞপ্তি

কোম্পানি আইন ২০১৩ ধারা ২৩০ এবং ২৩২ অনুযায়ী, মেরিনো এক্সপোর্টস প্রাইভেট লিমিটেড, মেরিনো প্রপার্টিজ প্রাইভেট লিমিটেড, মেরিনো সার্ভিসেস লিমিটেড, মেরিনো কনসালল্টিং সার্ভিসেস লিমিটেড, মেরিনো প্যানেল প্রোডাক্টস লিমিটেড এবং মেরিনো ইন্ডাস্ট্রিজ লিমিটেড–এর এবং সম্পর্কিত শেয়ারহোল্ডারগণের ও উত্তমর্ণগণের একত্রে বিন্যাস–এর জন্য ৫ মার্চ ২০২০ তারিখে একটি আবেদন জমা করা হয়েছে এবং ওই আবেদনের শুনানি, ন্যাশনাল ল কোম্পানি ট্রাইবুনাল সমীপে, ৯ সেপ্টেম্বর ২০২০ তারিখে ধার্য হয়েছে। ওই আবেদনের স্বপক্ষে বা বিপক্ষে কাহারো কোনও বক্তব্য থাকলে স্বস্বাক্ষরিত বা তার উকিল দ্বারা স্বাক্ষরিত সই তাঁর নাম ও ঠিকানা–সহ তাঁর উদ্দেশ্য জানিয়ে আবেদনকারীর উকিলের কাছে জমা করতে হবে আবেদনের শুনানির কমপক্ষে দুইদিন পূর্বে। কোনও ব্যক্তি আবেদনের বিরোধিতা করতে ইচ্ছুক হলে সেক্ষেত্রে বিরোধিতার কারণ বা তার এফিডেভিট ওই বিজ্ঞপ্তির সঙ্গে সংযুক্ত করতে হবে। নিম্নস্বাক্ষরকারীর কাছ থেকে যে কেউ ন্যায্য মূল্যের বিনিময়ে আবেদনের কপি সংগ্রহ করতে পারেন।

স্বাঃ
(ত্রিবিক্রম খৈতান)
খৈতান অ্যান্ড কোং এলএলপি
আবেদনকারীগণের অ্যাডভোকেটস
এমারেল্ড হাউজ, ১বি, ওল্ড পোস্ট অফিস স্ট্রিট, কলকাতা– ৭০০ ০০১

তারিখ: ২১ জুলাই, ২০২০
স্থান: কলকাতা